



জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র : ১৬(০১)জাতী:বি:/পিজিডি/এলআইএস/২০২২-২৩/২১

তারিখ: ১৯/১০/২০২২

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এনইউ অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে (৭ম ব্যাচ) অনলাইন প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এক বছর মেয়াদী অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামে অনলাইন প্রাথমিক আবেদনের সময় ৩০ অক্টোবর ২০২২ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আত্মহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা ০১ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ০৫ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য যে, স্মারক নং: ১৬(০১)জাতী:বি:/পিজিডি/এলআইএস/২০২২-২৩/২০, তারিখ: ২২/০৯/২০২২ এ প্রকাশিত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এনইউ অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

ভর্তি বিষয়ক সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে জানা যাবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ১১ ডিসেম্বর ২০২২ তারিখ থেকে শুরু হবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১। ভর্তি কার্যক্রমে অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের সর্বশেষ তারিখ:	৩০/১০/২০২২
খ)	প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ:	০১/১১/২০২২
গ)	প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহের সর্বশেষ তারিখ:	০৫/১১/২০২২
ঘ)	লিখিত পরীক্ষার স্থান ও তারিখ: স্থান: ডা. মালিকা কলেজ, রোড: ৭/এ, ধানমন্ডি, ঢাকা সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত।	১৯/১১/২০২২
ঙ)	লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ:	২৩/১১/২০২২
চ)	মৌখিক পরীক্ষার স্থান ও তারিখ: স্থান: জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস, বোর্ডবাজার, গাজীপুর। সময়: সকাল ১০টা।	২৭/১১/২০২২
ছ)	চূড়ান্ত মেধা তালিকা প্রকাশের তারিখ:	২৮/১১/২০২২
জ)	চূড়ান্ত মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) এর মাধ্যমে অথবা পে স্লিপ ডাউনলোড করে চূড়ান্ত ভর্তি ফি জমা দেয়ার তারিখ: এক বছর মেয়াদী পিজিডি ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সের ফি সর্ব সাফুল্যে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা দুই কিস্তিতে গ্রহণ করা হবে। প্রথম কিস্তির ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা ভর্তির সময় জমা দিতে হবে এবং দ্বিতীয় কিস্তির ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা পরবর্তী তিন মাসের মধ্যে প্রদান করতে হবে।	২৯/১১/২০২২ থেকে ০৬/১২/২০২২
ঝ)	ক্লাস শুরুর তারিখ:	১১/১২/২০২২

২। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান)/সম্মান ডিগ্রীধারী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্তানুযায়ী যোগ্য বিবেচিত হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে ভর্তি হতে পারবে। শিক্ষাজীবনে এসএসসি থেকে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম বিভাগ ৩ পয়েন্ট, দ্বিতীয় বিভাগ ২ পয়েন্ট এবং তৃতীয় বিভাগ ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে ০৭ (সাত) পয়েন্ট থাকতে হবে। আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার তথ্যাদি যাচাই বাছাই করে অনলাইনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

খ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৯.১০.২০২২

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

প্রোগ্রাম কো-অর্ডিনেটর

অন-ক্যাম্পাস পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি
এন্ড ইনফরমেশন সায়েন্স

ও

ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ই-মেইল: mitulnasiruddin@gmail.com